মাসিক কমপিউটার জগৎ

THE MONTHLY COMPUTER JAGAT
Leading the IT movement in Bangladesh

প্রতিষ্ঠাতা : অধ্যাপক আবদুল কাদের

উপদেষ্টা
ড. জামিলুর রেজা চৌধুরী
ড. মুহাম্মদ ইব্রাহীম
ড. মোহাম্মদ কায়কোবাদ
ড. মোহাম্মদ আলমগীর হোসেন
ড. যুগল কৃষ্ণ দাস

সম্পাদনা উপদেষ্টা অধ্যাপক ডা: এ কে এম রফিক উদ্দিন
ডা: এস এম মোরতায়েজ আমিন

সম্পাদক গোলাপ মুনীর
সহযোগী সম্পাদক মইন উদ্দীন মাহমুদ
সহকারী সম্পাদক এম. এ. হক অনু
কারিগরি সম্পাদক মো: আবদুল ওয়াহেদ তমাল
সহকারী কারিগরি সম্পাদক নুসরাত আক্তার
সম্পাদনা সহযোগী সালেহ উদ্দিন মাহমুদ
বিশেষ প্রতিনিধি ইমদাদুল হক

বিদেশ প্রতিনিধি
জামাল উদ্দীন মাহমুদ আমেরিকা
ড. খান মনজুর-এ-খোদা কানাডা
ড. এস মাহমুদ ব্রিটেন
নির্মল চন্দ্র চৌধুরী অস্ট্রেলিয়া
মাহবুব রহমান জাপান
এস. ব্যানার্জী ভারত
আ. ফ. মো: সামসুজ্জোহা সিঙ্গাপুর
নাসির উদ্দিন পারভেজ মধ্যপ্রাচ্য

প্রচ্ছদ এম. এ. হক অনু
ওয়েব মাস্টার মোহাম্মদ এহতেশাম উদ্দিন
কম্পোজ ও অঙ্গসজ্জা সমর মৃধা
মো: মাসুদুর রহমান

মুদ্রণে : রাইটস (প্রা.) লি.
৪৪সি/২, আজিমপুর রোড, ঢাকা-১২০৫
অর্থ ব্যবস্থাপক সাজেদ আলী বিশ্বাস
বিজ্ঞাপন ব্যবস্থাপক শিমুল শিকদার
জনসংযোগ ও প্রচার ব্যবস্থাপক প্রকৌ. নাজনীন নাহার মাহমুদ

প্রকাশক : নাজমা কাদের
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭, ৮৬১৬৭৪৬, ০১৭১১৫৪৪২১৭
ফ্যাক্স : ৮৮-০২-৯৬৬৪৭২৩
ই-মেইল : jagat@comjagat.com
ওয়েব : www.comjagat.com
যোগাযোগের ঠিকানা :
কমপিউটার জগৎ
কক্ষ নম্বর-১১, বিসিএস কমপিউটার সিটি
রোকেয়া সরণি, আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন : ৮১২৫৮০৭

Editor Golap Monir
Associate Editor Main Uddin Mahmood
Assistant Editor M. A. Haque Anu
Technical Editor Md. Abdul Wahed Tomal
Correspondent Md. Abdul Hafiz

Published from :
Computer Jagat
Room No.11
BCS Computer City, Rokeya Sarani
Agargaon, Dhaka-1207
Tel : 8125807

Published by : Nazma Kader
Tel : 8616746, 8613522, 01711-544217
Fax : 88-02-9664723
E-mail : jagat@comjagat.com


# সম্পাদকীয়

## কমপিউটার জগৎ-এর আয়োজনে দেশের প্রথম ই-বাণিজ্য মেলা

সুপ্রিয় পাঠক। আপনারা নিশ্চয়ই অবগত আছেন কমপিউটার জগৎ গত ৭, ৮ ও ৯ ফেব্রুয়ারি আয়োজন করে দেশের প্রথম ই-বাণিজ্য মেলা। এর তত্ত্বাবধানে ছিল ঢাকা জেলা প্রশাসন। 'ঘরে বসে কেনাকাটার উৎসব' স্লোগান নিয়ে ঢাকার শাহবাগের পাবলিক লাইব্রেরি (সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার) প্রাঙ্গণে বসে এ মেলা। দেশে ই-বাণিজ্য সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যই ছিল এ মেলার আয়োজন। মেলায় ৪০টি স্টলসহ ৩৪টি প্রতিষ্ঠান তাদের পণ্য ও সেবা প্রদর্শন করে। তাছাড়া ই-বাণিজ্য সম্পর্কে জনসচেতনতা গড়ে তুলতে মেলা প্রাঙ্গণেই তিন দিনে মোট পাঁচটি সেমিনারের আয়োজন করা হয়। বেসিস, ক্রিয়েটিভ আইটি, ঢাকা জেলা প্রশাসন, বিডিওএসএন এবং ডেভসটিম এসব সেমিনার পরিচালনা করে। বলা যায়, এ মেলা ই-বাণিজ্যের ব্যাপারে বাংলাদেশে ছিল একটি বড় ধরনের আয়োজন। এ আয়োজনে আমরা বিভিন্ন মহলের কাছ থেকে পেয়েছি আন্তরিক ও সক্রিয় সহযোগিতা। এর মধ্যে ছিল এ মেলার প্রধান পৃষ্ঠপোষক টেলিটক থ্রিজি ও সেলবাজার। সহযোগী পৃষ্ঠপোষক হিসেবে ছিল এসএসএল কমার্জ ও বিকাশ। মেলার সহযোগী আয়োজক ছিল কমজগৎ টেকনোলজিস, অর্পণ কমিউনিকেশন লি., ওয়ালেটো ও বেসিস। এছাড়া জেনারেল পার্টনার হিসেবে ছিল এখনি ডটকম, আজকেরডিল ডটকম; নলেজ পার্টনার বিডিওএসএন; মার্কেটিং পার্টনার ডেভসটিম লিমিটেড; কমিউনিকেশন পার্টনার সফটকল; ব্লগ পার্টনার সামহ্যোয়ারইন ব্লগ; ওয়েব পার্টনার বাংলানিউজ২৪ ডটকম; ইন্টারনেট পার্টনার ঢাকাকম; রেডিও পার্টনার ঢাকা এফএম, টেলিভিশন পার্টনার সময় টেলিভিশন এবং ব্রডকাস্ট পার্টনার ৭১ টিভি। এসব প্রতিষ্ঠানের প্রতি রইল আমাদের আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ। তাদের সহযোগিতা নিঃসন্দেহে আমাদের এ আয়োজনকে সহজতর করেছে। আমরা আশা করব, আগামী দিনেও এমনি ধরনের অন্য কোনো আয়োজনেও এসব প্রতিষ্ঠানকে আমরা পাশে পাব।

স্বাভাবিকভাবেই আপনাদের মধ্যে প্রশ্ন উঠতে পারে, মাসিক কমপিউটার জগৎ একটি তথ্যপ্রযুক্তিবিষয়ক সাময়িকী। এ পত্রিকা কেনো এ ধরনের একটি মেলার আয়োজন করতে গেল? আসলে আপনাদের অনেকেই, বিশেষ করে কমপিউটার জগতের নিয়মিত পাঠকেরা জানেন, এটি একটি পত্রিকা মাত্র নয়, এটি একটি আন্দোলনেরও নাম। কারণ, কমপিউটার জগৎ-এর প্রতিষ্ঠাতা অধ্যাপক মরহুম আবদুল কাদের একটি বিশ্বাসের ওপর দাঁড়িয়ে ১৯৯১ সালের মে মাসে কমপিউটার জগৎ-এর প্রকাশনার সূচনা করেন। আর সে বিশ্বাস হচ্ছে : একটি পত্রিকাই হতে পারে একটি আন্দোলন। সে বিশ্বাস সূত্রে বিগত ২২ বছর ধরে আমরা কমপিউটার জগৎ-কে ব্যবহার করে আসছি এদেশের তথ্যপ্রযুক্তি আন্দোলনের অন্যতম এক হাতিয়ার হিসেবে। আর তা করতে গিয়ে আমাদেরকে প্রচলিত সাংবাদিকতার অর্গল ভেঙে বেরিয়ে আসতে হয়েছে। উদ্যোগ-আয়োজন করতে হয়েছে তথ্যপ্রযুক্তিবান্ধব নানা কর্মকাণ্ডের। এজন্য এদেশে আমাদেরকে সূচনা করতে হয়েছে অনেক কিছুই। কমপিউটার জগৎ এদেশের প্রথম বাংলা তথ্যপ্রযুক্তি মাসিক। আমরাই আয়োজন করি দেশের প্রথম কমপিউটার প্রোগ্রামিং কনটেস্ট, ইন্টারনেট সপ্তাহ। আমাদেরকে আয়োজন করতে হয়েছে অসংখ্য সেমিনার ও সিম্পোজিয়াম। দেশের নীতিনির্ধারকদের সাথে সাক্ষাৎ করে তাগিদ দিতে হয়েছে সাবমেরিন ক্যাবল স্থাপনের জন্য, হাইটেক পার্ক গড়ে তোলার জন্য। আমরাই প্রথম নিজস্ব উপগ্রহ চালুসহ তথ্যপ্রযুক্তি খাতের অগ্রগমনের জন্য নানা অপরিহার্য দাবি তুলি যেমন শুল্কমুক্ত কমপিউটার আমদানি। এসবই ছিল এদেশের তথ্যপ্রযুক্তি খাতকে এগিয়ে নেয়ার আন্দোলনের অংশ হিসেবে। তারই ধারাবাহিকতায় আমরা আয়োজন করেছি দেশের এই প্রথম ই-বাণিজ্য মেলা।

আপনারা জানেন, ই-বাণিজ্য নতুন কোনো ধারণা নয়। বাংলাদেশে ই-বাণিজ্য আসে ১৯৯০ দশকে। ই-বাণিজ্য তথ্যপ্রযুক্তি খাতের একটি সম্ভাবনাময় খাত। এর মাধ্যমে যেমনি দেশের ব্যবসায়-বাণিজ্য ও অর্থনৈতিক কর্মকাণ্ডে গতি আনা যায়, তেমনি নাগরিক জীবনে ফিরিয়ে আনা যায় অভাবনীয় গতিশীলতা। ই-বাণিজ্য ছাড়া আধুনিক বিশ্বের ব্যবসায়-বাণিজ্য পরিচালনা করা অসম্ভব। এরই মধ্যে দেশের অনেক প্রতিষ্ঠান ই-বাণিজ্য সেবা সরবরাহ করছে বেশ সাফল্যের সাথে। কিছু কিছু প্রতিষ্ঠান এ সেবা চালুর প্রস্তুতি নিচ্ছে। তবে যে গতিতে এদেশে ই-বাণিজ্য সেবা ব্যবহারের বিকাশ লাভ করা দরকার ছিল, এ সেবা ব্যবহারে কাঙ্ক্ষিত সে গতি আসেনি। এর জন্য প্রধানত দায়ী ই-বাণিজ্য ব্যবহারে জনগণের সচেতনতার অভাব। সেই জনসচেতনতার মাত্রা বাড়িয়ে তুলতেই আমাদের এ মেলার আয়োজন। আশা করি, এক্ষেত্রে তা ইতিবাচক ভূমিকা পালন করবে।

আমরা কমপিউটার জগৎ প্রকাশনার পাশাপাশি এ ধরনের নানা আয়োজনে সাধ্যমতো প্রয়াস আগামী দিনেও অব্যাহত রাখব, এই প্রতিশ্রুতি আজকে আমাদের পাঠকসাধারণকে দিতে পারি নির্দ্বিধায়। আমরা কমপিউটার জগৎ-কে তথ্যপ্রযুক্তি খাতের ইতিবাচক আন্দোলনের বিজারক হিসেবে এর ভাবমর্যাদা সমুন্নত রাখতে চাই। সে প্রয়াসে আমরা থাকব প্রয়াসী। সবশেষে আপনাদের আবারো জানাই আন্তরিক শুভেচ্ছা। কারণ, আপনাদের পদচারণায় প্রথম ই-বাণিজ্য মেলা এবার সর্বোচ্চ সাফল্য নিয়ে সম্পন্ন হয়েছে।


লেখক সম্পাদক
● প্রকৌশলী তাজুল ইসলাম ● সৈয়দ হাসান মাহমুদ ● সৈয়দ হোসেন মাহমুদ ● মো: আবদুল ওয়াজেদ